

# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 20 May, 2025

সর্বসাধারণের দোরগোড়ায় পুলিশি সেবা পৌঁছানো, পুলিশের নিকট সমাজের প্রান্তিক পর্যায়ের মানুষের প্রত্যাশা এবং জনসাধারণের অংশীদারিত্বমূলক কমিউনিটি পুলিশিং কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে চুয়াডাঙ্গা সদর থানাধীন দশমাইল বাজারে 'ওপেন হাউজ ডে' অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৯ মে) সন্ধ্যা ৬ টায় চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে এই ওপেন হাউজ ডে অনুষ্ঠিত হয়। আয়োজনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা, বিপিএম-সেবা।

ওপেন হাউজ ডে'তে উপস্থিত ভুক্তভোগী জনসাধারণ পুলিশ সুপারের কাছে নানান বিষয়ে তাদের সমস্যার কথা তুলে ধরলে তিনি ভুক্তভোগীদের উত্থাপিত সকল সমস্যার সমাধানকল্পে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাদের বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, পুলিশ জনগণের সেবক হয়ে সব সময় পাশে থেকে কাজ করছে, পুলিশের পাশাপাশি ছাত্রসমাজ ও সাধারণ জনগণের দায়িত্ব মাদক, মানবপাচার, জুয়া, আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধ, ইভটিজিং এবং সমাজবিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে রুখে দাঁড়ানো। মাদকের সঙ্গে কোনো আপস নেই মাদক বিক্রোতা ও সেবনকারীসহ যেকোনো অপরাধীদের ব্যাপারে তথ্য দেওয়ার জন্য সবাইকে আহ্বান জানান।

ওপেন হাউজ ডে অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন সদর থানার অফিসার ইনচার্জ মোঃ খালেদুর রহমান চুয়াডাঙ্গাসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ; আগত সেবা প্রত্যাশী, কমিউনিটি পুলিশিং নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ, স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

চুয়াডাঙ্গা পুলিশ ইভটিজিং

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:44

URL: <https://www.timestodaybd.com/across-the-country/2721465052>